CANCER RESEARCH UK

একসাথে আমরা ক্যান্সারকে পরাজিত করছি

ক্লিনিক্যাল ট্রায়ালের জন্য আপনার নির্দেশিকা



এই পুস্তকায়

এই পুস্তিকায় আপনি জানতে পারবেন:

- ক্লিনিক্যাল ট্রায়াল কী
- আপনি কীভাবে অংশ নিতে পারেন
- কী কী প্রশ্ন জিজ্ঞেস করবেন

আরও জানতে
cruk.org/trials
ভিজিট করুন





ক্লিনিক্যাল ট্রায়াল কী?

ক্লিনিক্যাল ট্রায়াল হল মানুষকে নিয়ে পরিচালিত চিকিৎসা গবেষণা। এগুলি ক্যান্সার সম্পর্কে আমাদের আরও ভালোভাবে বুঝতে সাহায্য করে, যার মধ্যে রয়েছে:

- ক্যান্সারের কারণ
- উপসর্গ ও স্ক্রিনিং
- ক্যান্সার নির্ণয়
- ক্যান্সারের চিকিৎসা
- ক্যান্সারের সঙ্গে জীবনযাপন

ট্রায়াল ক্যান্সারের চিকিৎসার একটি নিয়মিত অংশ। এগুলির বেশ কয়েকটি ধরন রয়েছে, যার মধ্যে অন্তর্ভুক্ত:

- নতুন ওষুধ বা চিকিৎসা পদ্ধতি পরীক্ষা করা
- রক্ত বা টিস্যুর মতো নমুনা দেওয়া
- প্রশ্নাবলী পূরণ করা
- পরীক্ষা-নিরীক্ষা করানো বা নতুন পরীক্ষা করানো

আপনি মাত্র একটি অ্যাপয়েন্টমেন্টের জন্য অথবা কয়েক বছর ধরে কোনো ট্রায়ালে যুক্ত থাকতে পারেন।

আমরা কেন ক্লিনিক্যাল ট্রায়াল করি?

কোনো নতুন পরীক্ষা বা চিকিৎসা পদ্ধতি সম্পর্কে জানার একমাত্র নির্ভরযোগ্য উপায় হলো ট্রায়াল, যা থেকে বোঝা যায় সেটি:

- নিরাপদ কি না
- বর্তমান পরীক্ষা বা চিকিৎসার চেয়ে ভালোভাবে কাজ করে কি না
- কোনো পার্শ্বপ্রতিক্রিয়া আছে কি না
- আপনাকে সুস্থ বোধ করতে সাহায্য করে কি না

এগুলি আমাদের এখন এবং ভবিষ্যতে ক্যান্সার রোগীদের সেবা ও চিকিৎসা উন্নত করতে সাহায্য করে।

‘ক্লিনিক্যাল ট্রায়াল’, **‘ক্লিনিক্যাল রিসার্চ’** এবং **‘রিসার্চ স্টাডি’** – এই সবগুলোর অর্থ একই।



আমি কীভাবে একটি ক্লিনিক্যাল ট্রায়ালে যোগ দিতে পারি?

ক্লিনিক্যাল ট্রায়ালে যুক্ত হওয়ার বিভিন্ন উপায় রয়েছে:

- আপনার জন্য উপযুক্ত কোনো ট্রায়াল থাকলে আপনার বিশেষজ্ঞ চিকিৎসক বা রিসার্চ নার্স আপনার সঙ্গে যোগাযোগ করতে পারেন।
- আপনি আপনার ক্যান্সার বিশেষজ্ঞের সঙ্গে কথা বলতে পারেন। তিনি আপনাকে জানাতে পারবেন যে আপনার হাসপাতালে কোন কোন ট্রায়াল চলছে, অথবা আপনাকে অন্য কোনো হাসপাতালে রেফার করতে পারবেন।

উপযুক্ত কোনো ট্রায়াল থাকলে আপনার বিশেষজ্ঞ চিকিৎসক বা রিসার্চ নার্স বিস্তারিতভাবে সব বুঝিয়ে দেবেন এবং লিখিত তথ্য প্রদান করবেন। অংশ নেওয়ার সিদ্ধান্ত নিলে আপনাকে একটি সম্মতিপত্রে স্বাক্ষর করতে হবে।

যে বিষয়গুলি মনে রাখতে হবে:

- ট্রায়াল সম্পর্কিত তথ্য জটিল হতে পারে, তাই কোনো কিছু বুঝতে না পারলে অবশ্যই জিজ্ঞেস করুন।
- পরিবার বা বন্ধুদের সঙ্গে ট্রায়াল নিয়ে আলোচনা করলে আপনি এতে অংশ নিতে চান কি না, সেই সিদ্ধান্ত নিতে সুবিধা হবে।
- আপনি না চাইলে কোনো ট্রায়ালে অংশ নেওয়া আপনার জন্য বাধ্যতামূলক নয়।
- আপনি যেকোনো সময় কোনো কারণ না দেখিয়ে ক্লিনিক্যাল ট্রায়াল ছেড়ে দিতে পারেন।

আমাদের ক্লিনিক্যাল ট্রায়াল ডেটাবেসে UK-এর 2,800-রও বেশি ক্লিনিক্যাল ট্রায়ালের তথ্য রয়েছে।

আরও জানতে **cruk.org/trials** ভিজিট করুন।



ক্লিনিক্যাল ট্রায়াল কি নিরাপদ?

আপনার নিরাপত্তা অত্যন্ত গুরুত্বপূর্ণ। আপনার রিসার্চ টিম আপনাকে নিবিড়ভাবে পর্যবেক্ষণ করবে, কিন্তু যেকোনো ক্লিনিক্যাল ট্রায়ালেই কিছু ঝুঁকি থাকে। সম্ভাব্য ঝুঁকি ও সুবিধাগুলি আপনাকে স্পষ্টভাবে বুঝিয়ে বলা হবে।

এর সুবিধাগুলি কী কী?

- আপনি এমন চিকিৎসা পেতে পারেন যা শুধুমাত্র ক্লিনিক্যাল ট্রায়ালের মাধ্যমেই পাওয়া সম্ভব।
- আপনার স্বাভাবিকের চেয়ে বেশি চেক-আপ, পরীক্ষা বা স্ক্যান হতে পারে, যা আপনাকে আশ্বস্ত করতে পারে।
- আপনি ভবিষ্যৎ রোগীদের জন্য ক্যান্সারের চিকিৎসা ও সেবা উন্নত করতে সাহায্য করবেন।

এর অসুবিধাগুলি কী কী?

- আপনাকে হয়তো বেশিবার হাসপাতালে যেতে হতে পারে।
- অতিরিক্ত পরীক্ষা-নিরীক্ষা ও চেক-আপ ক্যান্সার নিয়ে আপনার দুশ্চিন্তা বাড়াতে পারে।
- আপনাকে হয়তো কিছু কাগজপত্র পূরণের কাজ করতে হতে পারে।



আমার কী জিজ্ঞেস করা উচিত?

আপনি যদি ক্লিনিক্যাল ট্রায়ালে আগ্রহী হন তাহলে নিচে কিছু প্রশ্নের তালিকা দেওয়া হলো যা আপনি আপনার বিশেষজ্ঞ চিকিৎসক বা রিসার্চ টিমকে জিজ্ঞেস করতে পারেন:

- আপনি এই ট্রায়ালটি কেন করছেন?
- এই চিকিৎসা পদ্ধতি কি আগে ব্যবহার করা হয়েছে?
- আমাকে কতদিন ধরে চিকিৎসা করাতে হবে?
- এই ট্রায়াল থেকে কি আমার উপকার হবে?
- এর কি কোনো ঝুঁকি বা পার্শ্বপ্রতিক্রিয়া আছে?
- আমার কি অতিরিক্ত হাসপাতালের অ্যাপয়েন্টমেন্ট বা পরীক্ষা-নিরীক্ষা করাতে হবে?
- আমাকে কি হাসপাতালে ভর্তি থাকতে হবে?
- এর ফলো-আপ কতদিন চলবে?
- ট্রায়াল থেকে সরে গেলে আমার চিকিৎসা সেবার কী হবে?
- আমার সম্পর্কে সংগ্রহ করা তথ্য দিয়ে আপনি কী করবেন?
- আমাকে কি কোনো ফলাফল জানানো হবে?
- আমাকে কি কোনো পারিশ্রমিক দেওয়া হবে?
- এটি কি আমার ভ্রমণ বা স্বাস্থ্য বিমাকে প্রভাবিত করবে?
- কোনো প্রশ্ন থাকলে আমি কার সঙ্গে যোগাযোগ করতে পারি?





সুজানের গল্প

মলত্যাগের অভ্যাসে পরিবর্তন লক্ষ্য করার পর সুজানের বাওয়েল ক্যান্সার (অন্ত্রের ক্যান্সার) ধরা পড়ে। 2016 সালের মে মাসে তার টিউমারটি অপসারণের জন্য একটি সফল অস্ত্রোপচার করা হয়।

এরপর থেকে তিনি Add-Aspirin ক্লিনিক্যাল ট্রায়ালে যোগ দিয়েছেন। চিকিৎসার পর অ্যাসপিরিন গ্রহণ করলে তা ক্যান্সার ফিরে আসাকে রোধ করতে পারে কি না, সেটি এই ট্রায়ালে দেখা হচ্ছে।

তিনি বলেন: “আমি এই আশায় অংশগ্রহণ করতে রাজি হয়েছিলাম যে, এটি গবেষণায় সাহায্য করবে এবং যারা আমার মতো একই রোগ নির্ণয়ের সম্মুখীন হচ্ছে, তাদেরও উপকারে আসবে। ট্রায়ালে অংশ নেওয়ার প্রস্তাব পেলে আমি তাঁদের সবাইকে এতে যুক্ত হওয়ার বিষয়টি বিবেচনা করতে পরামর্শ দেব। আমার মনে হয়েছিল যে আমার একটি সুরক্ষাবলয় আছে, কারণ হাসপাতাল থেকে ছুটি পাওয়ার পর আমি খুব একাকী, উদ্বিগ্ন এবং ক্যান্সার ফিরে আসার ভয়ে ভীত ছিলাম। যখন জানলাম যে আমাকে নিয়মিত পর্যবেক্ষণ করা হচ্ছে, তখন তা আমাকে মানসিক দিক থেকে দারুণ শান্তি দিয়েছিল।”

Cancer Research UK এবং ক্লিনিক্যাল ট্রায়াল

আমরা বর্তমানে ক্যান্সারের চিকিৎসা ও পরীক্ষা-নিরীক্ষা নিয়ে গবেষণা করা শত শত ক্লিনিক্যাল ট্রায়ালকে সহায়তা প্রদান করছি। ক্যান্সারকে আরও ভালোভাবে বোঝার এবং ক্যান্সারে আক্রান্ত মানুষের জীবনমান উন্নত করার লক্ষ্যে ল্যাবরেটরির গবেষণাগুলো যেন ক্লিনিক্যাল ট্রায়ালের মাধ্যমে এগিয়ে যায় তা নিশ্চিত করার যে প্রতিশ্রুতি আমাদের রয়েছে, এটি তারই অংশ।

রেফারেন্স: CTL001_25 মার্চ 2025
পর্যালোচনার শেষ সময়: মার্চ 2028

Cancer Research UK ইংল্যান্ড ও ওয়েলসে (1089464), স্কটল্যান্ডে (SC041666), আইল অফ ম্যানে (1103) এবং জার্সিতে (247) একটি নিবন্ধিত দাতব্য সংস্থা।

© Cancer Research UK (2025)

আরও তথ্যের জন্য

cruk.org/trials ভিজিট করুন আপনার এলাকায় ক্লিনিক্যাল ট্রায়াল সম্পর্কে জানতে আপনি আমাদের অনলাইন ক্লিনিক্যাল ট্রায়াল ডেটাবেস ব্যবহার করতে পারেন।

cruk.org/about-cancer ভিজিট করুন ক্যান্সার-আক্রান্ত মানুষদের জন্য বিশেষভাবে তৈরি আমাদের এই তথ্য, রোগ নির্ণয় থেকে শুরু করে চিকিৎসা এবং ক্যান্সার-পরবর্তী জীবন পর্যন্ত ক্যান্সারের সমস্ত দিক তুলে ধরে।

অনলাইনে চ্যাট করুন

ক্যান্সারের সঙ্গে বেঁচে থাকা অন্যান্য মানুষের সঙ্গে তথ্য ও অভিজ্ঞতা ভাগ করে নিতে আমাদের অনলাইন কমিউনিটিতে **cancerchat.cruk.org** ভিজিট করুন।

আমাদের নার্সদের জিজ্ঞাসা করুন

আপনি আমাদের বিশেষজ্ঞ নার্সদের সঙ্গে টোল-ফ্রি নম্বর **0808 800 4040** -এ, সোমবার থেকে শুক্রবার, সকাল 9টা থেকে বিকেল 5টা পর্যন্ত কথা বলতে পারেন

আমার রিসার্চ নার্স

.....

Trusted Information Creator
Patient Information Forum

CANCER RESEARCH UK